

শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

নং: এসএমইউসিটি/সংস্থাপন(সাধা)/অভ্য/নোটিশ/২৪/০৬/৯০


তারিখ: ১৭-০৭-২০২৪

শিক্ষা কার্যক্রম বন্ধ ও প্রশাসনিক কার্যক্রম চালু সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা এবং অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ১৭-০৭-২০২৪ তারিখে অনুষ্ঠিত অনলাইন সভার সিদ্ধান্তক্রমে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা দেয়া গেল:-

- অত্র বিশ্ববিদ্যালয়ের সকল অন ক্যাম্পাস ক্লাস পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে, তবে বিশেষ ব্যবস্থাপনায় ক্লাস রুটিন অনুযায়ী অনলাইন ক্লাস চলবে।
- ডীন, বিভাগীয় প্রধান ও শিক্ষকবৃন্দ নিজ নিজ আবাসস্থল থেকে অনলাইন ক্লাস গ্রহণ ও পরিচালনা করবেন। জরুরী দাপ্তরিক প্রয়োজনে অফিসে আসবেন।
- ১৮-০৭-২০২৪ ইং তারিখ থেকে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা আগামী এক সপ্তাহের জন্য স্থগিত করা হল। পূর্বনির্ধারিত পরীক্ষার তারিখসমূহ পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।
- বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হোস্টেল পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে।
- প্রশাসনিক দপ্তর ও বিশ্ববিদ্যালয়ের সকল অফিস যথারীতি খোলা থাকবে।
- কর্মকর্তা ও কর্মচারীদের জন্য শাটল বাস সার্ভিস যথারীতি চালু থাকবে।

এই বিজ্ঞপ্তিটি মাননীয় ভাইস-চ্যান্সেলরের নির্দেশনা মোতাবেক জারি করা হলো।


১৭.০৭.২৪

(ড. পাড় মশিয়ূর রহমান)
রেজিস্ট্রার



অনুলিপি :

১. সংশ্লিষ্ট সকল
২. সচিব, বোর্ড অব ট্রাস্টিজ (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
৩. মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অবগতির জন্য)
৪. নোটিশ বোর্ড /অফিস নথি